কালের কণ্ঠ

তারিখ 02 NOV 2016
পৃষ্ঠা ৬ কলাম

# অষ্টম ইউজিসি অ্যাওয়ার্ড পাচ্ছেন ১৯ শিক্ষক

নিজস্ব প্রতিবেদক ▷

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) কর্তৃক অষ্টম 'ইউজিসি অ্যাওয়ার্ড' পাচ্ছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৯ শিক্ষক। ২০১৪ ও ২০১৫ সালে শিক্ষকদের গবেষণা ও প্রকাশনার জন্য আজ বুধবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে এ সম্মাননা দেওয়া হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন রাষ্ট্রপতি আবদুল হামিদ। ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের সভাপতিত্বে বিশেষ অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

ইউজিসি ১৯৮০ সাল থেকে এই সম্মাননা দিয়ে আসছে। ২০১৪ সালের জন্য ১০ জন এবং ২০১৫ সালের জন্য ৯ শিক্ষক এবার এ সম্মাননা পাবেন। সম্মাননা হিসেবে ক্রেস্ট ও সনদের পাশাপাশি প্রকাশিত প্রবন্ধের জন্য ৫০ হাজার টাকা এবং বইয়ের জন্য ৭৫ হাজার টাকা দেওয়া হবে।

২০১৪ সালে গবেষণায় এ পুরস্কার পাবেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. অসিত রায়, বেসরকারি ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির প্রভাষক আবদুল্লাহ-আল-আরিফ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. প্রণব কুমার পাণ্ডে, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. খান মো. সাইফুল ইসলাম, বুয়েটের সহযোগী অধ্যাপক ড. নাসরীন আক্তার, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. মো. মমিনুল ইসলাম, রাজশাহী ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির প্রভাষক মো. ইমরান হাসান, খুলনা বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. শেখ জামাল উদ্দিন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোর্বারা সিদ্দিকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. খান তৌহিদ ওসমান। এ ছাড়া ২০১৫ সালে গবেষণার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. জগন্নাথ বড়ুয়া, বেসরকারি উত্তরা ইউনিভার্সিটির প্রভাষক মোহাম্মদ বদরুজ্জামান, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক মনির উদ্দিন আহমেদ, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. আহমদ হুমায়ুন কবির, খুলনা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. ইফতেখার শামস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. গোলাম মোহাম্মদ ভূঞা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ অছিয়র রহমান, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. আয়শা আখতার ও সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. মাছুদুর রহমানকে এ সম্মাননা দেওয়া হবে।